

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
[www.cga.gov.bd](http://www.cga.gov.bd)



নং-০৭.০৩.০০০০.০১৪.১৬.১১৬.২২(খন্ড-৬)-

তারিখঃ /১২/২০২২ খ্রি।

বিষয়: স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পিএল একাউন্ট সৃজন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় ধাপসমূহ অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সরকারের নগদ ব্যবস্থাপনাকে(Cash Management) শক্তিশালী করার লক্ষ্যে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংযুক্ত তহবিল হতে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের পার্সোনাল লেজার (Personal Ledger Account-PL ) এ স্থানান্তর পূর্বক প্রয়োজন অনুযায়ী ব্যয়ের ব্যবস্থা গত ২০১৯-২০২০ অর্থ বছর হতে চালু করা হয়েছে এবং এ লক্ষ্যে ইতোমধ্যে 'iBAS++ Autonomous Body' শীর্ষক সাব-মডিউল উন্নয়ন করা হয়েছে। সে প্রেক্ষিতে পিএল একাউন্ট সৃজন ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্ত ধাপসমূহ অনুযায়ী পরিচালিত হবে:

#### স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান

- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান PL একাউন্ট সৃজন ও উক্ত একাউন্ট পরিচালনার নিমিত্তে নিয়োগকৃত আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে অনুমতিদানের জন্য স্ব-স্ব মন্ত্রণালয় ববাবর আবেদন করবে।

#### স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ

- মন্ত্রণালয়/বিভাগ PL একাউন্ট সৃজনের বিষয়টি অনুমোদন ও আয়ন ব্যয়ন কর্মকর্তার স্বাক্ষর সত্যায়ন করবেন এবং স্ব-স্ব মন্ত্রণালয়ের সিএএফও কার্যালয়কে বিষয়টি অবহিত করবেন।
- স্ব-স্ব মন্ত্রণালয়ের সিএএফও কার্যালয় PL একাউন্ট সৃজনের বিষয়টি অনুমোদন করার জন্য সিজিএ কার্যালয়কে অনুরোধ করবেন এবং একই সাথে মন্ত্রণালয়ের পত্রে অগ্রায়ণকারী কর্মকর্তার সঠিকটা যাচাই করে সিজিএ কার্যালয়ে প্রেরণ করবেন।

#### সিজিএ কার্যালয়

- মন্ত্রণালয়/বিভাগের পত্রের প্রেক্ষিতে সিজিএ কার্যালয় সিএএফও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্টকে PL একাউন্ট সৃজনের অনুরোধ করবেন।
- সিএএফও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট সিজিএ কার্যালয়ের পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের PL একাউন্ট সৃজন করে সিজিএ কার্যালয়কে অবহিত করবেন।
- সিজিএ কার্যালয় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত অনুরোধ এর প্রেক্ষিতে ডিডিও EFT Authorization করে বাংলাদেশ ব্যাংকে পত্র মারফত অবহিত করবে।

#### বাংলাদেশ ব্যাংক

- সিজিএ কার্যালয়ের ক্ষমতায়নের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের PL একাউন্ট হতে EFT এর মাধ্যমে অর্থ উত্তোলনের জন্য ক্ষমতা প্রাপ্ত আয়ন ব্যয়ন কর্মকর্তার অনুকূলে লেনদেন সম্পন্ন করবেন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল সিএএফও কার্যালয়সমূহকে বর্ণিত ধাপসমূহ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

স্বাক্ষরিত

( মোহাম্মদ কবির হোসেন, সিপিএফএ )

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোনঃ ৯৩৬০৮৫৯

E-mail: addlcgaacc@cga.gov.bd

কার্যার্থে:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার(সকল)

78  
660

নং-০৭.০৩.০০০০.০১৪.১৬.১১৬.২২(খন্ড-৬)-/২৬৩(৫)

তারিখঃ ২৬/১২/২০২২ খ্রি।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।[দৃষ্টি আকর্ষণঃ ডিসিএজি (এএন্ড আর)]
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বাজেট অধিশাখা-১৫ ]
- ৩। জাতীয় কর্মসূচী পরিচালক, **SPFMS** কর্মসূচী  
ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউশন বাংলাদেশ, আইইবি ভবন (রমনা), ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণঃ জনাব বিলকিস জাহান রিমি, পিইসি, iBAS++ & BACS স্কীম]
- ৪। জাতীয় কর্মসূচী পরিচালক, **SPFMS** কর্মসূচী  
ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউশন বাংলাদেশ, আইইবি ভবন (রমনা), ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণঃ জনাব তনিমা তাসমিন, পিইসি, পেনশন, ফান্ড ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্কীম]
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা। [ওয়েব সাইট এ প্রচারের অনুরোধসহ]
- ৬। পিএসটু সিজিএ।
- ৭। অফিস কপি।

( কাজী কাইয়ুম হোসেন )

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১)

ফোন-৪৯৩৪৯৮৪৪

E-mail: dcgaacc@cga.gov.bd